

বিজ্ঞান

গণ-শিক্ষা কেন্দ্র

বী



বিজ্ঞান

প্রজেক্ট



କୁଦେ ବିଜ୍ଞାନୀର ପ୍ରଜୟେ

ବିଜ୍ଞାନ ଗଣ-ଶିକ୍ଷା କେନ୍ଦ୍ର



“বাংলাদেশ লেখক ইউনিয়নের অনুরোধে বি. সি. আই. সি.-র খুলনা নিউজপ্রিস্ট মিলে উৎপাদিত হ্রাসকৃত মূলোর ‘লেখক’ কাগজে মুদ্রিত।”

মুক্তধারা ১৩৫২

প্রকাশক :

চিত্তরঞ্জন সাহা

মুক্তধারা

[সঃ: পুথিঘর লিঃ]

৭৪ ফরাশগঞ্জ ঢাকা ১১০০

প্রথম প্রকাশ : জুন ১৯৭৯

দ্বিতীয় প্রকাশ : জুন ১৯৮৩

তৃতীয় প্রকাশ : ফেব্রুয়ারি ১৯৮৭

চতুর্থ প্রকাশ জুন ১৯৮৮

প্রচ্ছদ-শিল্পী : রফিকুন নবী

মুদ্রাকর :

প্রভাতরঞ্জন সাহা

ঢাকা প্রেস

৭৪ ফরাশগঞ্জ ঢাকা ১১০০

মূল্য : সাদা : ৩০.০০ টাকা

লেখক কাগজ : ২২.০০ টাকা

KHUE BIGGYANIR PROJECT

[Little Scientist's Project]

Fourth Edition : June 1988

Cover Design : Rafiqun Nabi

MUKTADHARA

[Prop. Puthighar Ltd.]

Publisher : C. R. Saha

74 Farashganj Dhaka 1100

Bangladesh

Price : Whiteprint : 30.00

Lekhakprint : 22.00

‘কুদে বিজ্ঞানীর প্রজেক্ট’ বিজ্ঞান গব-শিক্ষা কেন্দ্র প্রণীত। সার্বজনীন গবশিক্ষার মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যাকে বাংলাদেশের সকল মানুষের চিন্তা ও কাজের কাছাকাছি নিয়ে আসাই এই কেন্দ্রের লক্ষ্য। শিক্ষ-কিশোরদের মধ্যে কুদে বিজ্ঞানীর অনুসঞ্জিত্সা এবং সহজ-শীলতার উল্লেখ ঘটানো এই লক্ষ্যের বাস্তবাবলনে একটি পদক্ষেপ। নিজের পরিবেশের মধ্যে সহজ সরল বৈজ্ঞানিক বিষয়সমূহ নিয়ে কিছু পর্যবেক্ষণ ও পরীক্ষা করতে এই বই ছোটদের উপর করবে বলে আশা করি। যে বিজ্ঞান ক্লাব আদোলন আজ দেশময় ছড়িয়ে পড়েছে তাতেও এটা সহায়ক হবে।

এই বইয়ের প্রজেক্টসমূহ ইতিপূর্বে বিজ্ঞান গব-শিক্ষা কেন্দ্রের সহযোগী প্রকাশনা মাসিক বিজ্ঞান সাময়িকীতে বিভিন্ন সময় প্রকাশিত হয়েছে। এগুলো লিখেছেন প্রৌর্ধবণ কুমার গায়েন, ডঃ মুহাম্মদ ইত্তাহীম এবং ডঃ আজী আসগর। আগামীতে এ ধরনের আরো প্রজেক্ট নিয়ে কুমান্বয়ে বই অন্যদের পরিকল্পনা কেন্দ্রের রয়েছে।


ডঃ মুহাম্মদ ইত্তাহীম
নির্বাহী পরিচালক
বিজ্ঞান গব-শিক্ষা কেন্দ্র

সূচীপত্র

বুমুরের গবেষণা	৭
সুর্যের আজোর সান্ত রং	৯
ফাল্সের চাষ	১৫
পুরুরের রাজ্য	১৮
ব্যাঙের বৃক্ষ	২২
পাখি দেখা	২৫
মাপ জোখ : দৈর্ঘ্য	৩০
পানি মাপা	৩১
ওজন মাপা	৩৩
আরো কিছু মাপ : হাওয়া, বৃক্ষিট	৩৫
গাছ : কত বড়, কত বুড়ো ?	৩৮
মাটির সোরাই থেকে ডু-গোলক	৪২
দিন রাত, শীত পীর	৪৪
প্রোটিন শক্রী তেল : কেমন করে চেনা যায়	৪৭
আঙুন নেভানো গ্যাস	৪৯
চিনির কেজাস তৈরী	৫১
ডুবো জাহাজ	৫৩
তাপের চলাচল	৫৬
পিন-হোল ক্যামেরা	৫৯
ইনকুলেটর	৬২
গাছের পাতার সংগ্রহ	৬৫
কুল সংগ্রহ	৬৮
মাটির কর	৭১
পোকা সংগ্রহ	৭৩
জরীপের ঘড়	৭৭

ବୁନ୍ଦୁରେର ଗବେଷଣା

ବୁନ୍ଦୁର ତୋମାଦେର ବସ୍ତୀ ଏକଟା ଛେଳେ—କ୍ଲାସ ସେଭେଲେ ପଡ଼େ । ଓଦେର ବାସାର କାହେଇ ଏକଟା ଛୋଟ୍ ପୁକୁର ଆହେ—ଏର ଅଗଭୀର ପାନି ନାନାନ ଜାତେର ଜଳଜ ଶ୍ୟାଓଲାଯ ଭରି । ଏକଦିନ କୁଳ ଥେବେ ଫେରାର ପଥେ ପୁକୁରେର ପାଡ଼େ ବୁନ୍ଦୁର ସାଥେ ଗଲ କରିଲି ବୁନ୍ଦୁର । ହଠାତ୍ ଓର ମନେ ହଜୋର ସେବନ ପୁକୁର ଥେବେ କିଛୁ ବୁଦ୍ବୁଦୁ ଉଠିଛେ ଆପନା-ଆପନି, କିଛୁକ୍ଳଗ ପର



ପରଇ । ବ୍ୟାପାରଟା ଘଟିଲି ସେଥାନେ ସେଥାନେ ପାନିର ମଧ୍ୟ ଡୁବେ ରଖେଛେ ପ୍ରଚୁର ଶ୍ୟାଓଲା । ବୁନ୍ଦୁର କୋଥାଯ ସେବନ ପଡ଼େଇଲ ଯେ, ଉତ୍ତିଦ ଅଞ୍ଜିଜେନ ତ୍ୟାଗ କରେ । ବ୍ୟାପାରଟି ତଥନ ତାର ଭାସା ଭାସା ମନେ ଛିଲ । ସେ ଭାବନ ତାଙ୍କେ ବୁଦ୍ବୁଦ୍ଧଗମୋ କି ଏ ଶ୍ୟାଓଲା ଥେବେଇ ବେରଳିଛେ ? ଓଟା ଅଞ୍ଜିଜେନ ଗ୍ୟାସ । ସଜେ ସଜେ ତାର ମାଥାଯ ଚୁକମୋ ବ୍ୟାପାରଟା ଖତିଯେ ଦେଖିବେ ।

ପରଦିନ କୁଳେ ଗିଯେ ତାଦେର ବିଜ୍ଞାନ ଶିକ୍ଷକେର ସାଥେ କଥା ବଲେ ସବ ପରିକଳ୍ପନା ଠିକ କରେ ଫେଲମ ବୁନ୍ଦୁର । କୁଳ ଥେବେ ଦୁଟୋ ଜିନିସ ଓ ଧାର ପେମ ସେ ଏହି କାଜେର ଜନ୍ୟ—ଏକଟା କାଚେର ଫାନେଜ ଆର ଏକଟା ଟେସ୍ଟ ଟିଟିବ ।

ରୋଜ ପୁକୁର ପାଡ଼େ ଗିଯେ ଏକ ଟାନା କାଙ୍ଗ କରା ଅସବିଧା । ତାଇ ଝୁମୁର ଠିକ କରିଲୋ ବାସାଯ ବସେଇ କାଙ୍ଗଟା କରିବେ । ମାର କାଗଡ଼ ଧୋଯାର ବଡ଼ ଗାମଳାଟା ସେ ଚେଷ୍ଟେ ନିଲ କ'ଦିନେର ଜନ୍ୟ । ପୁକୁର ଥେବେ ତୁମେ ଆନଳ ପୁକୁରେର ପାନି ଆର ବେଶ କିଛୁ ଶାଓଳା ପ୍ରଭୃତି ଜମଜ ଗାଛ । ଗାମଳା ଭଣ୍ଡ ପୁକୁରେର ପାନିତେ ଛେଡ଼େ ଦିଲ ଓଦେର—ଏରା ଏମନ ସବ ଗାଛ ସେଣିଲୋ ଶୁଦ୍ଧ ପାନିର ଉପରଇ ବାଡ଼ିତେ ପାରେ । ବାଡ଼ୀର ବାରାନ୍ଦାୟ ରାଖିଲୋ ଗାମଳାଟାକେ ସେଣ ଓଟାଇ ପୁକୁର ଝୁମୁରେର ଜନ୍ୟ । ଏତେ ସୁବିଧା ହଲୋ ଝୁମୁର ସାରାକ୍ଷଣି ନଜର ରାଖିଲେ ପାରଛେ ଏବାର । ପୁକୁରେର ମତୋ ଗାମଳାଟାଓ ବେଶ ଆମୋ ବାତାସେ ରଇଲା ।



ଶିଗଗିର ଝୁମୁର ଦେଖିଲୋ ଆବାର ସେଇ ବୁଦ୍ବୁଦ୍ଧ ବେରଙ୍ଗଛେ ଗାମଳାର ପାନି ଥେକେ । ଏବାର ସେ ବୁଦ୍ବୁଦ୍ଧେର ଗ୍ୟାସଟାକେ ଧରାର ବ୍ୟବସ୍ଥା କରିଲୋ, ତା ନହିଁଲେ ବୁଝିବେ କେମନ କରେ ଏଟା ଅଞ୍ଜିଜେନ ନା ଅନ୍ୟ କିଛୁ ? ଫାନେଲେର ଚାତ୍ରୀ ମୁଖଟା ଗାମଳାର ଭେତର ଏମନଭାବେ ସେ ରାଖିଲ ସେଣ ବେଶ କିଛୁ ଶାଓଳା ଏର ମଧ୍ୟେ ଆଟିକା ପଡ଼େ । ଫାନେଲେର ନମଟା ରଇଲୋ ଉପରେର ଲିକେ । ଏଟାକେ ଟେସ୍ଟ ଟିଉବଟା ଉପୁଡ଼ କରେ ଦିଯେ ଚେକେ ଦିଲ । ଟେସ୍ଟ

টিউবটা রাইলো ফানেলের পিঠে ভরে তার বন্ধ দিকটা উপরে
রাইলো আর ফানেল, টেস্ট টিউব সব কিছুই পানিতে ভর্তি রাইলো।
ডুবাবার সময় খুব সাবধানে সে এটা করলো, যাতে ফানেলে বা টেস্ট
টিউবে একটুও বাতাস থেকে না যায়। বাতাস থেকে গেলে বুদবুদের
গ্যাসের সাথে মিশে সব একাকার হয়ে যাবে তো, তাই। এবার
বুদবুদের গ্যাস ফানেলের মধ্য দিয়ে সোজা টেস্ট টিউবে চলে যাচ্ছে
আর পানির চেয়ে হালকা বলে উপরের দিকের কিছু জায়গা দখল
করে পানিকে নৌচে সরিয়ে দিচ্ছে। টেস্ট টিউবের কতখানি থেকে
পানি থালি হলো তা দেখেই ঝূমুর বুবাতে পারছিল কত গ্যাস জমলো।


সারাদিন জমাবার পর প্রায় ইঞ্জিনেক গ্যাস পাওয়া গেল।
একটানা সাত দিন ধরে ঝূমুর গ্যাস সংগ্রহ করলো। এর মধ্যে
দু'দিন খুব মেঘলা গেল—আর ঝূমুর অবাক হয়ে দেখলো যে ঠিক ঐ
দু'দিন গ্যাস বেরহলো অনেক কম। এতে সে আন্দাজ করলো, গ্যাস
বেরহাবার সাথে গাছের আলো পাওয়ার কোন সম্পর্ক থাকতে পারে।
পরে সে ব্যাপারটা নিঃসন্দেহ হবে বলে ঠিক করলো। তবে আপাতত
গ্যাসটা কি সেটা জানতেই তার আগ্রহ বেশী। ইতিমধ্যে টেস্ট
টিউবটার পানি একেবারেই সরে গেছে—অর্থাৎ এটি গ্যাসে ভর্তি হয়ে
গেছে। ঝূমুর জানে, আগুন জলার বৃক্ষ দেখে অঙ্গিজেন গ্যাস বোঝা
যায়। টেস্ট টিউবটা গামলা থেকে বের করে একটা সদ্য নেভানো কাঠির
আগুনের মধ্যে ঢুকিয়ে দিল ঝূমুর। সাথে সাথে দপ করে আবার
আগুন জলে উর্তল। ঝূমুর বুঝল, গ্যাসটা সত্যি অঙ্গিজেনই ছিল।

আর এক সপ্তাহে ঝূমুর আবার পরীক্ষাটা করলো। এবার কিন্তু
গ্যাসের মধ্যে জলন্ত কাঠি দেখাতে কাঠিটা খুব বেশী দপ্ করে উর্তল
না—মদু শিখায় জলে উর্তলো। ঝূমুর ভাবলো অঙ্গিজেনটা তাহলে
খুব বিশুদ্ধ নয়। তার শিক্ষকও এতে একমত হলোন—কারণ গামলার
পানির মধ্যেই মেশানো রয়েছে বাতাস আর কার্বন-ডাই-অক্সাইড।
এর থানিকটাও টেস্ট টিউবের অঙ্গিজেনের সাথে হয়ত মিশে যাচ্ছে,
কম বেশী। পরীক্ষা-নিরীক্ষায় ঝূমুর দেখল : প্রথম দিকের ইঞ্জি-
খানেক গ্যাস যদি না নেয়া হয়—একে ফেলে দেয়া হয়—তাহলে
বাকী গ্যাস কিন্তু অপেক্ষাকৃত বিশুদ্ধ অঙ্গিজেন। ঝূমুর বুঝল প্রথম
দিকের গ্যাসে পানি থেকে অন্যান্য গ্যাস গিয়ে ডিঙ্ক করে। শিগগির
এটা সে আরো নিশ্চিতভাবে প্রমাণ করল।

আগে ঝুমুর খেলাল করেছিল যে রোদের আলো বেশী পড়লে গামলার জন্য গাছের অক্সিজেন উৎপাদনের হারও বেড়ে যাব মনে হচ্ছে। ওটা ভাজ করে পরীক্ষা করার জন্য সে দুটা গামলা নিয়ে একই ধরনের ব্যবস্থা করল। পার্থক্যের মধ্যে শুধু একটা গামলাকে রাখলো আগের মত বারান্দায়, আরেকটাকে রাখলো ডোড়ার ঘরে আঁধারের মধ্যে। প্রথম দিন উভয় গামলার টেস্ট টিউবে প্রায় এক ইঞ্চি করে সমান গ্যাস জমলো। বরাবরের মতো ঝুমুর দুটো গামলা থেকেই এই গ্যাস ফেলে দিল। কিন্তু পরবর্তী এক সপ্তাহে আমোতে থাকা টিউব গ্যাসে ভরি হয়ে গেলোও আঁধারে থাকা টিউবে গ্যাস জমলো এক ইঞ্চির সিকি ভাগেরও কম অর্থাৎ প্রায় জন্মে নি বলাই চলে। ঝুমুর এবার প্রায় নিশ্চিত হলো যে, পানির ডেতের উভিদের গ্যাস উৎপাদন করার কাজ আমো ছাড়া চলতে পারে না। আরো নিশ্চিত হলো যে, প্রথম দিনের যে এক ইঞ্চি গ্যাস উভয় টিউবে সমান জমেছিল সেটার সাথে গাছের কোন সম্পর্ক নেই, নেই আমোরও কোন সম্পর্ক। সেটা পানি থেকে বেরণো অন্যান্য গ্যাস। সেটি বরাবর ফেলে দিয়ে ঝুমুর ঠিক কাজই করছিল।

ঝুমুরের গবেষণা এখন কিছু ছির সিদ্ধান্তে পৌছল। ক্ষুলে শিক্ষকের সাথে আলোচনা করে ঝুমুর জানতে পারল, আলোর সাহায্যে গাছের খাদ্য প্রস্তুত প্রগালীর কথা এবং সেই প্রক্রিয়ায় অক্সিজেন ত্যাগের কথা। যে সব বিজ্ঞানী এইসব জিনিস আবিষ্কার করেছেন তাঁরাও ঝুমুরের মতো নানা সন্দেহ, চিন্তা ভাবনা, কৌতুহল আর পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমেই তা করেছিলেন। বিজ্ঞানের সব গবেষণা এভাবেই চলে—তা সে ঝুমুরেরটার মতো সহজ হোক বা খুব জটিল হোক। ঝুমুরের কাজগুলো তোমরা নিজেরাও আবার পরীক্ষা করে দেখতে পার। যদি তোমাদের ফলাফলও একই হয় তবে তোমরা ঝুমুরের সিদ্ধান্তগুলোকে আরো জোরদার করছো।

সূর্যের আলোর সাত রং




তোমরা সবাই জান, সূর্যের সাদা আলো আসলে সাত সাতটি
রংয়ের আলোর মিশ্রণ। রংগুলো হচ্ছে বেঞ্চনী (Violet), গাঢ় মৌজ

(Indigo), नील (Blue), सबुज (Green), हल्दी (Yellow), कमला (Orange) एवं लाल (Red)। मने राथार सुविधेर जन्य संक्षेपे एदेर नाम देया हयोहे, VIBGYOR (विबजिओर)।

सूर्येर आलोय सत्ति सत्ति सातटि रँग आছे किना परौङ्का करे देखार इच्छे हच्छे निश्चयाहे तोमादेर ? 'वेश्ट' करेही देख ना !

जानालार भितर दिये घरेर येखानटाऱ्या सूर्येर आलो एसे पड्याहे सेखाने एक गामला पानि राखा। आलो ताहले गामलार पानिर मध्ये एसे पड्यावे। एवार गामलार पानिर भेतरे एकटि आयनाके हेलान अवस्थाय रेखे दाओ। आयनाटि एमनভाबे राखवे येन सूर्येर आलो पानि भेद करे आयनार चक्रके पिठे एसे पड्ये (ठनं छवि देख)। आयनाथेके ये आलो प्रतिफलित हये घरेर देयाले पड्यावे



ताते भुमि सातटि रँगी देखते पावे। रँग्नो कोन्टार परे कोन्टा आसहे लक्ष्य कर।

হাণ্টির পরে সূর্য উঠলে আকাশে রংধনু ওঠে, দেখেছে নিশ্চয়ই। সেখানেও ঠিক এই একইভাবে সুর্ঘের সাদা আলো সাত রঙের আলোয় ভাগ হয়ে যায়। এই সাতটি রঙের মধ্যে তিনটি খুব উজ্জ্বল। তাই রংধনুতে এই তিনটি রংকে খুব ভালভাবে দেখা যায়। রং তিনটি হচ্ছে নীল, সবুজ ও লাল।

সাদা আলো যেমন সাত রঙে ভাগ হয়ে যায়, তেমনি সাত রং এক সাথে মিলে সাদা হয়ে যাওয়া উচিত, তাই না! আসলেও তাই হয়। করেই দেখ হয় কিনা!



সাত রঙের বদলে উজ্জ্বল রং তিনটি নিয়েও তুমি পরীক্ষা করতে পার। সাদা কার্ড বোর্ডের (যে-কোন সাদা পুরু কাগ হলেও চলবে) উপরে একটা বৃত্ত আঁক। (ছবি দেখ)। এবার তার তিন ভাগের একভাগ নীল, একভাগ সবুজ ও অন্য ভাগ লাল রঙে রঙিয়ে দাও।

এবার এই রং করা বৃত্তিকে একই মাপের আরেকটি পুরু বৃত্তের উপর আঁতা দিয়ে জুড়ে দাও। ছবিতে যেমনটি দেখান হয়েছে ঠিক তেমনি করে, বৃত্তির উপরে দু'টি ছিদ্র কর এবং ছিদ্রের ভেতর দিয়ে একটি শঙ্ক, চিকন সূতা ঢুকিয়ে দাও।

এবাব সুতার দুই প্রান্তে দুই ফাঁকের ভিতরে আঙুল ছুকিয়ে
বৃজটিকে ঘোরাতে থাক হাতে সুতায় প্যাচ পড়ে। ভাল করে প্যাচান
হয়ে গেলে সুতাটিকে প্রথমে টান দিয়ে তারপর তিনি দাও। বৃজটি
সুতার উপরে ঘুরতে থাকবে। এভাবে জোরে জোরে বৃজটিকে ঘোরাতে
থাক। দেখবে বৃজের তিনটি রং আর আলাদা করে দেখা যাচ্ছে
না। বরং বৃজটিকে সাদা রঙের মণি মনে হচ্ছে। তার মানে জাল,
সবুজ, নীল মিলে সাদা হয়ে গেছে।

ফাঙ্গাসের চাষ

সবুজ উক্তিদ সবুজ কেন? ক্লোরোফিল নামক সবুজ পদার্থ এতে থাকে বলেই এটা সবুজ। এই ক্লোরোফিল আবার সূর্যালোকের সহায়তায় পানি আর কার্বন ডাই-অক্সাইড থেকে গাছের খাবার তৈরিতে অবশ্যপ্রয়োজনীয়। সবুজ রঙ ছাড়াও উক্তিদ হয়। ক্লোরোফিল নেই বলেই ওরা সবুজ নয়। একই কারণে ওরা নিজেদের খাবারও তৈরি করতে পারে না, সূর্যালোকের প্রয়োজনও তাদের নেই। এই উক্তিদকে বলা হয় ফাঙ্গাস। নিজেরা খাবার তৈরি করতে পারে না বলে অন্যের তৈরি খাবারের দ্বারাই এরা বাঁচে। ব্যাণ্ডের ছাতা এর একটা উদাহরণ। বৃক্ষিটর দিনে গাছের কাণ্ডের উপর, গোবরের স্তুপের উপর এবং অনেক কিছুর উপর তুমি নানান জাতের ব্যাণ্ডের ছাতা জন্মাতে দেখেছ। কথায় বলে—‘ব্যাণ্ডের ছাতার মত বাড়ছে তো বাড়ছেই।’ ব্যাণ্ডের ছাতা সবচেয়ে বড় ফাঙ্গাসদের একটা। অধিকাংশ ফাঙ্গাস খুব ছোট—অগুবৌক্ষণে না দেখলে ভাল করে দেখাই যায় না। কিন্তু এরা খুবই তাড়াতাড়ি বৃদ্ধি পায়। খুব সহজে এদের চাষ করা যায়, এমনকি চাষ না করতেই এদের যত্নগাম্য তুমি বাঁচ না। কোথায়? কোথায় নয়? বাসি রঞ্চি, কমলার ছিলকা, পুরানো জুতা, বইয়ের মজাট,—বৃক্ষিটর দিনে বাড়ী-ঘরের সর্বত্র সব কিছুতে যে আন্তরণ পড়ে যায়, এটি সেই ফাঙ্গাসেরই চাষ।

তুমি ইচ্ছে করেই খানিকটা চাষ কর ফাঙ্গাসের। বাসি এক খণ্ড পাউরঞ্চিকে ভেজা খবরের কাগজের উপর একটা প্লেটে রাখলেই ফাঙ্গাস চাষের উপযুক্ত জমি তৈরি হয়ে যায়। বীজ-বপন? সে ভাবনা তোমাকে করতে হবে না। অল্প কিছুক্ষণ রঞ্চিটাকে বাইরে খোলা জায়গায় রেখে দাও—বীজ বাতাস থেকে আপনা-আপনিই এসে পড়বে। তবু যদি নিশ্চিন্ত হতে না পার, তবে একটা পুরানো, শুকনো, ময়লা

ন্যাকড়া এনে রুটির উপর খোড়ে নাও। তাতেই ফাঙাসের প্রচুর
বীজ থাকবে। এবার রুটিটাকে একটা প্লেট দিয়ে ঢেকে ভ্যাপসা
গরম জামগায় অঙ্ককারে রেখে দাও।

একটা ভাল অতসী কাচ রাখো। প্রতিদিন প্লেট সরিয়ে এই
কাচ দিয়ে দেখো ফাঙাস কেমন গজাচ্ছে। বেশ একটু ধৈর্যের
প্রয়োজন হবে বৈ কি। তবে শিগগির দেখবে ফাঙাস দ্রুত বৃদ্ধি
পাচ্ছে। কাচের ভেতর দিয়ে বা আরো ভাল অণুবীক্ষণের তলায়



দিয়ে দেখলে দেখবে সরল সুতার মত তামগোল পাকানো জিনিস
রুটির ভেতরে ভেতরে পর্যন্ত চুকে যাচ্ছে। রুটি থেকে খাবার নিতে
হবে তো। তার দু'এক দিন পর দেখবে রুটির উপরটা কালচে রঙের
পশমের মত জিনিসে ভরে গেছে। কাচের ভেতর দিয়ে দেখবে এর
ছোট ছোট কাণ্ড গজিয়েছে যার প্রত্যেকটার পিনের মাথার মতো গোল
মাথা রয়েছে। কোন কোন ফাঙাসে এই গোল মাথাগুলো বিচ্ছি
বর্ণের ইঁয়—নীল, সবুজ, গোলাপী, হলদে আরো কত কি। এই



ମାଥାଗୁମୋଟି ଫାଙ୍ଗାସେର ବୀଜ ଥାକାର ଜାଯଗା । ଏଗୁମୋ ପାକଲେ ଏହି ମାଥାଗୁମୋ ଫେଟେ ଗିଯେ ଅସଂଖ୍ୟ ବୀଜ ଧୂଳାର ମତୋ ବେର ହେଲେ ବାତାସେ ମିଶେ । ସେଥାନ ଥେକେଇ ଫାଙ୍ଗାସ ସତ୍ର ତତ୍ତ୍ଵ ଛଡ଼ାଯ ।

ଫାଙ୍ଗାସେର ଚାଷ କରଣେ ଗିଯେ ମନେ ରେଖେ, ଏହି ରକମେରଇ କିନ୍ତୁ କିନ୍ତୁ ଫାଙ୍ଗାସ ଆମାଦେର ଘୋର ଅନିଷ୍ଟ ସାଧନ କରେ, ଆବାର କୋନ କୋନ ଫାଙ୍ଗାସ ଆମାଦେର ପରମ ବନ୍ଧୁ । ଫାଙ୍ଗାସ ଆମାଦେର ଖାଦ୍ୟ ଜନ୍ମେ ତାକେ ଖାଦ୍ୟର ଅନୁପର୍ଯ୍ୟନ୍ତ କରେ, ଶସ୍ୟକେ ଆକ୍ରମଣ କରେ, ଚାଷେର ଅନିଷ୍ଟ ସାଧନ କରେ, ଶରୀରର ଚାମଡ଼ାର ଉପର ଜନ୍ମେ ଚର୍ମରୋଗେର ସ୍ତଳିଟ କରେ । ଏହି ରକମ ଫାଙ୍ଗାସି ଆବାର ମରା ଜିନିସକେ ପଚତେ ସାହାଯ୍ୟ କରେ, ଜୀବେର ପରିତ୍ୟକ୍ତ ଜିନିସ ଥେଯେ ଫେଲେ, ସାରକେ ଗାହେର ପ୍ରହଗେର ଉପଯୁକ୍ତ କରେ ପ୍ରତ୍ୱର ଉପକାର କରେ । ଏମନ କି ଆମାଦେର ନିତ୍ୟ ବ୍ୟବହାର୍ କିନ୍ତୁ ଖାଦ୍ୟର ଉତ୍ପାଦନେଓ ଫାଙ୍ଗାସେର ବ୍ୟବହାର ଆଛେ । ପାଉରଣ୍ଟି ବାନାତେ ସେ ଈଞ୍ଚଟ ବ୍ୟବହାର କରା ହୁଏ ତାଓ ଫାଙ୍ଗାସ । ପଚା ଫଳ ଓ ମାଟିର ଉପର ଜନ୍ମେ ଏରବମ ଏକ ଧରନେର ଫାଙ୍ଗାସେର ସହାୟତାର ଜୀବନ ରଙ୍ଗକାରୀ ଉପର୍ଦ୍ଧ ପେନିସିଲିନ ତୈରି ହୁଏ ।

পুকুরের রাজ্য

তরা বরষায় ছোট ছোট পুকুরগুলো যখন কানায় কানায় ভরি
তখন এই পুকুরই তোমার জন্য এক নতুন রাজ্য খুলে দিতে পারে।
পর পর কয়েকটি রোদ-তরা বিকেল যদি পুকুর পাড়ে বসে অনুসন্ধানে



কাটাও, দেখাৰে প্ৰকৃতিৰ কত বৈচিত্ৰ্য, প্ৰাণি-জগতেৰ কত বিচি-
বিন্যাস তোমার জন্য সেখানে অপেক্ষা কৰছে।

এই অনুসঙ্গানের জন্য তোমার একটু তৈরি হয়ে শ্বাওয়া উচিত। পুরুর থেকে বিভিন্ন ধরনের প্রাণী সংগ্রহের জন্য তোমার সাথে থাকা উচিত বিভিন্ন ছোট ছোট পাণ্ড—বোতল, বরাম, টিন ইত্যাদি। এর কোন কোনটায় ছিদ্রওয়ালা ঢাকনা থাকা দরকার—কারণ পানির শবরে পোকার মতো কিছু কিছু জিনিস উড়ে পালাতে পারে। ছোট-খাট একটা হাতজাম—যা বাচ্চারা ছোট যাহ ধরার জন্য ব্যবহার করে। বাশের জমা দণ্ড। পুরোনো খবরের কাগজ—ফুল পাতা সংগ্রহের সময় চাপা দেওয়ার জন্য। অতসী কাচ, ক্ষুদ্র জিনিসগুলো ভাল করে দেখার জন্য। রঞ্চির টুকরা, কাঁচা মাংসের কুচিকুচি টুকরো। আর খাতা-পেন্সিল তো থাকবেই। আপাত শান্ত পুরুরের পাড়ে বসে অপেক্ষা করো, এর শান্ত জল কখন কিসের লাফ-ঝাপ বা চলাফেরার দ্বারা নড়েচড়ে উঠছে, কখন টুপ করে হলো শব্দ বা কানের কাছে দিয়ে কিছু শুঁশন করে গেলো। অসংখ্য ছোট-বড় জীবনে এই পুরুর কিন্তু গিজ গিজ করছে। পুরুরটাই ওদের জন্য স্বয়ংসম্পূর্ণ এক জগৎ—পরম্পরের মধ্যে মারামারি করে একে অপরকে খেয়েই ওরা বেঁচে থাকে। বর্ষার প্রথম দিকে গেলে অবশ্যই তুমি প্রচুর ব্যাঙের ডিম জেলীর মতো হয়ে ভাসতে দেখবে। কিছু দিনের মধ্যে দেখবে অসংখ্য ব্যাঙাচি লেজ নেড়ে ছুটছে, শ্যাওয়ার মধ্যে, জলজ পাতার মধ্যে আটকে থাকছে। এদের সংগ্রহ করে এনে ব্যাঙাচির বৃদ্ধি ও রূপান্তর লক্ষ্য করতে পারে।

পুরুর পাড়ে বা পানির উভিদের সাথে প্রচুর জল-শামুক থাকতে পারে। শক্ত খোলসের অন্তরালে এই বিচির্ব জীবটাকে ধরে এনে ভালভাবে পরীক্ষা করতে পার। দুটো উঁচু শুঁড়ের নীচে উঁচু হয়ে থাকা চোখে তুলতুলে এই জীব বড় অসুত। তারপর রয়েছে কাঁকড়া—অল্প গভীর পানিতে, পুরুরের কিনারার কাছে কাদা বা পাথরের নীচে এদের বাস। ছেট ছোট রঞ্চির টুকরা দিয়ে দেখ সামনের পায়ের সাঁড়াশী দিয়ে কেমন করে এগুলো মুখে তুলে নিছে। সাবধানে একটা কাঁকড়া ধরে ভালভাবে পরীক্ষা কর। দেখো, এর দাঁড়া যেন তোমাকে আক্রমণ করতে না পারে।

পুরুরের পানি নানা ধরনের জলজ পোকায় ভর্তি। এদের তুমি সমস্তে সংগ্রহ করতে পার। দেখ জলজ শবরে পোকা কেমন করে

পানিতে সাঁতার কেটে যায়। এরা আবার উড়তেও পারে। পানির তলের উপর চিকচিক করে দৌড়াদৌড়ি করতে দেখবে এক ধরনের পোকাকে। তারপর রয়েছে পানির উপরে উড়তে থাকা ছড়িং—ভারী সুন্দর দেখতে। পানির ব্যাণ্ডাচি, শুঁয়ো পোকা এসব শিকারই এর পানির উপর ঘোরাঘুরির উদ্দেশ্য। তাছাড়া উড়তে থাকা পতঙ্গের মধ্যে তোমাদের চিরপরিচিত মশাকেও দেখতে পাবে। জলাতেই কীট হিসেবে এদের জন্ম। আর পুরুর পাড়ে বসন্তেই তন তন করে এক দল মশা তোমার মাথার উপর দিয়ে ঘুরতে পারে।

পুরুরের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রাণী অবশ্য তার মাছ। কোন পুরুরে কি কি মাছ আছে ধীরে ধীরে অনুসন্ধানের মাধ্যমে তুমি তা জানতে পারবে। কিছু কিছু মাছ হয়ত পাড়ে বসেই দেখতে পাবে। মস্বা চিকন বাঁশের আগায় এক টুকরো কাঁচা মাংস বেঁধে দিয়ে এটাকে বড়শির মতো পানির একটু উপরে ঝুলিয়ে রাখো। ছোট-বড় বহু মাছই হয়ত এর থেকে ভাগ নেবার জন্য লাক্ষ দেবে। এমনিতেই বহু মাছের দর্শন পাবে।


পুরুরে অসংখ্য প্রাণীর খেঁজ ও তাদের সম্পর্কে তথ্য তুমি নিজেই বের করো ওদের সংগ্রহ করো, প্রতিপাইন করো, ওদের সহজে জানার চেষ্টা করো।

তারপর পুরুরে রয়েছে আর এক জগৎ—উক্তিদ-জগৎ। পানির তলেই দেখবে শাপলা, বিশচয়ই চিনিয়ে দিতে হবে না। দিনের বেজায় সুর্ঘের দিকে তাকিয়ে শাপলা ফুল সুন্দর ফুটে থাকে—অথচ সজ্জা বেজায় ফিরে এসে দেখবে এরা বুজে গেছে—তারপর পানির নীচে চলে গেছে যতক্ষণ না সূর্য উঠছে। শাপলার মতই খ্যাতিমান পদ্ম। পুরুরে ছোট ছোট পানা তো রয়েছেই। এগুলো বড়ই বিশ্বতকর ও ক্ষতিকর। হাঁসের খাদ্য নরম শ্যাওলায়ও অনেক পুরুর ভতি থাকে। জলজ জীবরা গরমের দিনে এর খ্রিংখ ছায়া বড়ে পছন্দ করে। আরো কত রকমের জলজ উক্তিদ যে রয়েছে, তা বলে শেষ করা যাবে না—তুমি নিজেই সংগ্রহ করে দেখার চেষ্টা করো। কোনগুলোর পাতা পানির উপরে থাকে, কোনগুলোর নীচে। আবার কোনগুলোর পাতা পানির উপরে এক রকম, নীচে অন্য রকম।

অনেক পুরুষের উপর ষে সবুজ একটা গাদের মতো আস্তরণ
দেখতে পাও সেটা কি ? এরাও উত্তিদ, ‘আমজী’ নামক বিশেষ ধরনের
ক্ষুদে উত্তিদ। এমনি দেখতে যথমা গাদের মতো মনে হলেও কিছু
ভুলে নিম্নে অণুবৌক্ষণ্যের তলায় দেখার শ্যবস্থা করো, দেখবে কি সুন্দর
উত্তিদ এরা !

ব্যাঙের বৃদ্ধি

বৃত্তিটির দিনে কোন পুরুরে গেলে সেখানে ব্যাঙের ডিম দেখতে পাওয়ার সম্ভাবনা খুব বেশী। অনেকগুলো ডিম জটলা বেঁধে থাকে—



দেখতে অনেকটা ছাই রঙের জেলীর মতো জিনিস—কাছে এনে দেখলে দেখবে এর মধ্যে ছোট ছোট জেলীর ফোঁটার মাঝখানে একটা করে কালো বিন্দু রয়েছে। ফোঁটাগুলো এক একটা ডিম আর বিন্দুটা হলো ভবিষ্যতের ব্যাঙাচি। একটা পাত্রে করে পুরুর থেকে এইসব জেলীর মত ডিমের সমষ্টি তুলে আন। ঘেদিন তুলমে তার তারিখ খাতায় লিখে রাখ। একটা বড় পাত্রে পানিতে ডিমগুলো রেখে তাতে কিছু জনজ শ্যাওলা ইত্যাদি দিয়ে দাও। ধীরে ধীরে ডিমের যে পরিবর্তন হচ্ছে—তা' লক্ষ্য করো এবং তারিখ দিয়ে খাতায় লিখে রাখ। ঘেমন দু'দিন পরে হয়ত দেখবে ডিমের বগলো বিন্দুটা ছোট্ট একটা কণার আকৃতি ধারণ করছে—ব্যাঙাচির প্রথম প্রকাশ। একটা অতসি কাচ

দিলে এসব দেখতে পারলে ভাল হব। এক সময় দেখবে ডিমের থেকে ছেষ্টা ব্যাঙাচিখনো বেরিয়ে আসছে। এবার তাদের খাবার



প্রয়োজন। বেশী করে সেদ্ধ একটা ডিমের সাদা অংশ তাদের থাওয়াতে পার। কাঁচা মাংসের পাতলা টুকরাও এসময় তাদের ভারী পছন্দ।


ব্যাঙাচিকে ভাল করে পরীক্ষা কর। প্রথম দিকে মনে হবে যেন শুধু মাথা আর লেজ। তারপর এর পা গজায়—প্রথমে পেছনের তারপর সামনের। সামনের পা গজাবার পর এদের পানির বাইরে এনে বসার জাহাগ দেখা দরকার। এ সময় এরা জলজ থাকে না—হয়ে পড়ে উভচর। পানির উপর ভাসবে এমন কাঠের টুকরাতোমরা

পাত্রের পানিতে ছেড়ে দাও। অথবা বড় কিছু পাথর এর মধ্যে দাও
যার অংশ বিশেষ পানির উপর জেগে থাকবে। ব্যাঙাচি এর উপর
উঠে বসতে পারবে।

এ সহজ ব্যাঙাচি-আর খাবার খাও না—নিজের জ্যাঙ্গাই ধীরে
ধীরে আস্তাৎ করতে থাকে। জম্বা মেজ আস্তে আস্তে ছেট হতে
থাকে। তারপর একদিন মেজ থাকেই না। এবার এটা আর
ব্যাঙাচি নয়, রীতিমত বাচ্চা বাঙ। এখন আর এদের তোমার
রাখা উচিত হবে না—কারণ এদের এখন প্রচুর ধেতে হয়—জীবন্ত
পতঙ্গ, পোকা, ইত্যাদি। এদের বরং আবার পুকুরে নিয়ে ছেড়ে দাও।

পাখি দেখা

ছোট-খাট যেসব পাখি স্বত্ত্বাবত লাজুক তাদেরকে কাছে থেকে দেখার জন্য তুঁগি এক ধরনের পাখি-টেবিল বানিয়ে দিতে পার।




এই টেবিলের উপর বা কাছেই কোথাও তোমাকে স্বল্প গভীর পাত্র পানির ব্যবহা করে দিতে হবে যেন পাখিরা এতে গোসল করতে পারে, পানি থেকে পারে। বিশেষ করে ভরা পরমের দিনে পাখিরা পানি থেকে বা একটু গা ডিঙিয়ে নিতে এত বেশী চায় যে, খুব লাজুক পাখি আরা কাছে আসতে চায় না তারাও এখানে আসবে।

পাখি-টেবিল বানানোর কয়েকটা বুদ্ধি দিয়ে দিচ্ছি। তুমি ভেবে আরো নতুন ধরনের টেবিল বানাতে পার। জানামার বাইরে বের হয়ে থাকা ছোট একটা তস্তা মাগিয়ে নিতে পার। এর উপর থাকবে বড় একটা পোড়া মাটির পাশে পানি। পানির পাশের পাশে কিছু বাজি রেখে দিতে পার, পাখিরা বাজিতে গড়াগড়ি থেকে ভালবাসে। ঘরের ভেতর থেকে তুমি পাখিদের বেশ ভাঙভাবে দেখতে পারবে।

ঘরের বাইরে বাগানেও টেবিলটা বানাতে পার। ধরো বড় একটা গাছের কাণ্ডে একটা মাগিয়ে নিজে আর একটু দূরেই আজ থেকে মুলিয়ে দিজে পানিক পাশ। পাখি টেবিল আর পানির মধ্যে ওড়াওড়ি করে বেশ মজা পাবে।

জাঙ্গাটা পাখির জন্য আরো আকর্মণীয় করে তুলতে পার তুমি।
বাগানের মধ্যে নুড়ি, বড় পাথর এসব দিয়ে একটা জাঙ্গা বেশ উঁচু
নীচু করে নাও। ওর মধ্যেই বসিয়ে দিলে একটা পানির বাটি—
সামনেই ছোট টেবিল, শার গায়ে পেরেক দিয়ে দু'একটা ডাঙপাঞ্চ
এ'টে দিলে। টেবিলে কিছু খাবার—যেমন চীনা বাদাম ছড়িয়ে দিলে
মন্দ হয় না। একটা জিনিস মনে রেখো, এ সবের কাছে যেন কোন



ঘন ঝোপঝাড় না থাকে—তা হলে বেড়ান বা বেজী জাতীয় কেউ
লুকিয়ে থেকে পাখিদের আক্রমণ করতে পারে।

এবার দৈর্ঘ্য ধরে দিনের পর দিন নিঃশব্দে লক্ষ্য করে আও কোন কোন পাখি তোমার এই মেহমানদারীতে সাড়া দিছে। ওদের আকৃতি, প্রকৃতি চলাফেরা ভাল করে লক্ষ্য করো—একটা খাতাব জিখে রাখো, একে রাখো।

পাখির কি কি দেখবে

তুমি শখন পাখী দেখবে তখন কতকগুলো জিনিস ভাল করে থেকাল করবে। যেমন,

আকার : পাখিটা কত বড়। এটা কি একটা চতুর্ভুজ-এর চেয়ে বড়, নাকি মঞ্চনার মতো যথাম আকারের, কাকের মতো, না আরো বড় ?

আকৃতি : এটা কি সরু লস্বা, না মোট গোলগাল ?

রং : মূলত এটা কি রঙের ? গাঙে কোন ছিট, ডোরা বা অন্য রঙের ছোপ আছে কি না ?

লেজ : লস্বা না বেঁটে ? উপরের দিকে তোলা না নীচের দিকে ঝোঁজানো ? সাধারণত নড়াচড়া করে, না সব সময় স্থির থাকে ?

চলাফেরা : মাটিতে এরা কেমনভাবে চলে ? দু'পায়ে লাফিয়ে লাফিয়ে চলে, হাঁটে, না দৌড়ায়। পা কি বেঁটে না লস্বা ?

উড় ডয়ন : এটা কি সোজা একটানা সমতলে উড়ে যায়, না কিছুক্ষণ উপরের দিকে উঠে আবার নীচে নামে— এমনি করে এগোয় ? অথবা এমনো হতে পারে যে, এটা গ্লোমেলো ইতস্তত উড়তে থাকে।


চঞ্চু : বেঁটে না লস্বা, বাঁকা না সোজা, সরু না চেপটা ?

খাবার : এটা কি মাটিতে ঘুরে ফিরে থায় ? না কি উপর থেকে ছো মেরে খাবার নিয়ে থায়। এটা কি পোকা-মাকড় ধরে থায়, না ফলমূল থায় ? এটা কি খাবার ব্যাপারে খুব জোড়ী ? অন্য পাখিকে কি এটা ঠোকরায় ? এটা কি খাবারের ব্যাপারে জাজুক না সাহসী ?

ডাক ও গান : এটা কি রুকম ডাকে—সুরেজা না কর্কশ ? শিস দেয়, একটানা ডাকে, না, যাবো যাবো ডাকে ? এর ডাক অনুকরণ করার চেষ্টা কর তো। সম্ভব হলে ক্যাসেট রেকড়েরে রেকর্ড করে রাখো।

পাখীর চলাফেরা পর্যবেক্ষণ

পাখীরা উড়ে এটাইতো তুমি জান। কিস্ত আরো কত বিচ্ছিন্নাবে
যে পাখীরা চলাফেরা করে সেটা কি খেয়াল করেছ? এ বিষয়ে কিছু



সুন্ধান পর্যবেক্ষণ তুমিও করতে পার। থামে বা গ্রামীণ পরিবেশে

যদি তোমার বাস হয় তা হলে তো খুবই ভাল হয়। শহরেও যদি তোমার বাসার আশেপাশে একটুখনি বাগান থাকে, সেখানেও তুমি এই পর্যবেক্ষণ করতে পার। দেখবে মনোযোগ দিয়ে করলে কাজটা তোমার কী ভালই না জাগছে।

আয়োজন তেমন কিছু জাগবে না! বাবার আরাম কেদারাটা চেয়ে নিয়ে তোমাদের উঠানে বা বাগানের এক কিনারায় এর উপর চুপ করে বসে থাকবে—একেবারে নট নড়ন-চড়ন, নট কিছু। ভাব-ধানা ষেন ঘুমোচ্ছ। তোমার চোখ-কম কিন্তু ভালভাবেই খোলা রাখবে। সাথে একটা ঘড়িও রাখবে, একটা ছোট নোট বুকও। ধৈর্য ধরে অনেকক্ষণ ধরে করতে পারলেই পর্যবেক্ষণটা ভাল হবে। এরপর নীচের কাজগুলো করার চেষ্টা কর।

১। তোমার বাগানে কত রকম পাখি এমন তাদের একটা তালিকা তৈরি কর। যাদের নাম জান না, আকার-আকৃতি বাবহারের বর্ণনা দিয়ে অন্যের কাছ থেকে পরে জেনে নাও।

২। এমন কি কি পাখী দেখলে যারা গাছের উপর, ঘোপের উপর থাকে বা আকাশে উড়তেই থাকে কখখনো মাটিতে নামে না।

৩। কোন্ কোন্ পাখী মাটিতে হাঁটল, কোন্ কোম্টা দু'পাশে ডর দিয়ে লাফাতে লাফাতে চল্ল ?

৪। পাখগুলোর অন্যান্য কি কি কাজকর্ম তুমি লক্ষ্য করলে ? দৌড়াদৌড়ি, ঝগড়াঝাটি, ডাক দেয় ইত্যাদি সব কিছুই এর মধ্যে পড়বে।

৫। পা দিয়ে কোন কিছু ধরতে, তুলতে, বা পা দিয়ে মাটিতে আঁচড়ি দিয়ে খুঁড়তে তুমি কোন্ কোন্ পাখীকে দেখলে ? কে কোন্ পা ব্যবহার করল ? নাকি দুই পা-ই ?


৬। এক এক জাতের পাখী বেছে নিয়ে দেখ একবার মাটিতে এসে বসা আর উড়ে যাওয়ার মধ্যে এটা কতক্ষণ মাটিতে থাকছে। এভাবে অনেক বার দেখে এক এক জাতের জন্য সময়ের একটা গড় বের কর।

তোমরা সবাই এই পর্যবেক্ষণগুলো করতে পার। সময় ও জ্ঞানগা বিশেষে কেউ হয়ত হয়েক রকমের পাখী দেখবে, কেউ হয়ত কম সংখ্যক পাখী দেখবে। কিন্তু তাতে কি আছে ? ধৈর্য ধরে করলে দেখবে এতে মজাও পাচ্ছ, অনেক কিছু শিখতেও পারছ।

মাপজোখ : দৈর্ঘ্য


একটা বাশের কাঠি বেছে নাও। খুব সোজা
একটা সরু গাছের শুকনা ডাল হলেও চলবে।
এবার কাঠিটা পাশের ছবিটার উপর রাখো, যেন
কাঠির এক প্রান্ত ছবিটার উপরের প্রান্তের সাথে
হবহ মিলে যায়। এবং কাঠিটা ছবির যে কোন
একটি লম্বা বাহ বরাবর থাকে। ছবিটাতে সেন্টি-
মিটারে দাগ কাটা আছে—সেইসব দাগের সাথে
মিলিয়ে কাঠিতেও দাগ কেটে নাও পেন্সিল দিয়ে
অথবা খেড় দিয়ে। তোমার মাপকাঠি তৈরি।
ফুলে বা ঘরে যত জিনিস পাও সব কিছুর দৈর্ঘ্য
তুমি এটা দিয়ে মেপে ফেলতে পারবে সেন্টিমিটারে।
এরকম একশ সেন্টিমিটার হলে বলবে এক মিটার।
তুমি যদি ঢাও ইঞ্চি ফুটেও মাপকাঠি বানাতে
পার। তোমার শিক্ষককে বলবে এক ইঞ্চি কতখানি
দেখিয়ে দিতে।

যদি ঘরের, বারান্দার বা মাঠের দৈর্ঘ্য মাপতে
চাও তাহলে মাপ কাঠিটা দিয়ে বিশেষ সুবিধা হবে
না। একটা দড়ি নিয়ে মাপকাঠিটা দিয়ে সেটা মেপে
নাও। এবার দড়িটা টান টান করে ধরে ব্যবহার
কর বড় দৈর্ঘ্যগুলো মাপতে।



পানি মাপা

একটা খালি ম্যাচের বাজ্জি নাও। সাধারণ মাপের ম্যাচ বড় বা ছোটগুলো নয়। ম্যাচের বাজ্জের ডিতরের অংশকে যদি তুমি কানায় কানায় পানি দিয়ে ভর্তি করো তাহলে প্রায় ১৫ ঘন সেন্টিমিটার আয়তনের পানি পাবে। অবশ্য পানি ভরার আগে বাজ্জাটাকে তেলে ভিজিয়ে নিলেই ভাল করবে। এখন ম্যাচের বাজ্জি দিয়ে পানি মেপে



মেপে তুমি একটি টিনের মগে নিতে পার। পাঁচ বাজ্জি নেবার পর যেখান পর্যন্ত পানি হবে সেটা হবে ৭৫ ঘন সেন্টিমিটার। সেখানে একটা দাগ দাও। এভাবে ১৫০, ৩০০ এর জায়গায়ও দাগ কর্ত। এসব দাগের মাঝামাঝি আরো দাগ কেটে ৫০, ১০০, ২০০ প্রভৃতি দাগও পাবে। এখন মগটা হয়ে পড়ল তোমার জন্য পানি, দুধ ইত্যাদি মাপার একটা মাপক।

ম্যাচের বাজ্জের এক বাজ্জি পানি আর একদিক থেকে তোমার কাজে আসবে। এই পরিমাণ পানি অর্থাৎ ২০ ঘন সেন্টিমিটার


পানি ১৫ গ্রাম ওজনের সমান। তুমি ঘর্থন ওজন মাপার যত্ন বানাবে তখন ১৫ গ্রাম ওজন বোঝার জন্য এই পরিমাণ পানির ওজন নিলেই



হবে। ম্যাচের বাক্সটা ঠিক আকারের নিয়েছ কিনা তা তোমার শিক্ষককে জিজ্ঞেস করে নেবে।

ওজন মাপা

ওজন মাপার জন্য দাঢ়ি-পাঞ্চা বানাতে পার, সেটার কথা পরে
বলা হবে। আপাতত খুব সহজ একটা যন্ত্র বানাও যেখানে ওজন
মাপার জন্য সব সময় বাটখারা প্রয়োজন হবে না। এটা দেখতে
হবে অনেকটা তীর ধনুকের মতো।



বাঁশের পাতলা কাঠিকে বাঁকা করে এবং তাতে শক্ত সুতার ছিলা
মাণিয়ে একটা ধনুক বানিয়ে নাও। এবার আর একটা ছোট কাঠিকে
তীরের মত' ব্যবহার করতে হবে। এই তীরটাকে ছোট সৃতা দিয়ে

ମାୟାଧିକାନ ବରାବର ଛିଲାର ସୁତାର ସାଥେ ବୈଧେ ନାହିଁ । ତୌରେର ପ୍ରାଣେ ଏକଟା ଝାଁଜ କେଟେ ନାହିଁ, ସାତେ ସେଖାନେ ମୋଟା ତାରେ ତୈରି ଏକଟା ହଙ୍କ ଆଟକେ ନେଇଲା ଯାଏ । ତୌର ସେଖାନଟାଯି ଧନୁକେଳ (ବଁକା କାଠିର) ଉପର ଦିଯେ ଗିହେଛେ ସେଖାନେ ତୌର ଓ ଧନୁକକେ ଜଡ଼ିଯେ ଏକଟା ତାରେର ଆଂଟା ଦିଯେ ନାହିଁ, ସାତେ ତୌରଟା ଆଂଟାର ଭେତର ଦିଯେ ଅବାଧେ ଉଠାନାମା କରଣେ ପାରେ, ଅଥଚ ଆଶପାଶେ ସରେ ନା । ବ୍ୟାସ ତୋମାର ସନ୍ତ୍ର ପ୍ରାୟ ତୈରି ।

ତୌରେର ପ୍ରାଣେ ସେ ହଙ୍କ ରହେଛେ ତାତେ ସଦି କୋନ ଓଜନ ଝୁଲାଓ ଆର ଧନୁକଟା ତୁମି ହାତେ ଧରେ ରାଖ, ତାହଲେ ତୌର ନୀଚେର ଦିକେ ନାମବେ । ହଙ୍କେ କୋନ ଓଜନ ଝୁଲାବାର ଆଗେ ତୌରେର ଠିକ ସେଖାନଟା ତାରେର ଆଂଟାର ପାଶେ ଥାକେ, ସେଖାନେ ଏକଟା ଦାଗ ଦିଯେ ଲେଖୋ ୦ । ଏଥନ ହଙ୍କେର ସାଥେ ଏକଟା ଛୋଟ ପଲିଥିନେର ବ୍ୟାଗ ଝୁଲିଯେ ନାହିଁ, ସାତେ ପାନି ନିମ୍ନେ ପାନି ପଡ଼େ ଯାବେ ନା । ଏଥନ ମ୍ୟାଚେର ବାକ୍ଷେ ଏକ ବାକ୍ଷ ପାନି ଅର୍ଥାତ ୧୫ ସନ ସେପିଟିମିଟାର ଆଘାତନେର ପାନି ସଦି ତ୍ରୀ ବ୍ୟାଗେ ଡରୋ, ତାହଲେ ତୌରଟା ନେମେ ଏସେ ତାର୍-ସେ ଅଂଶ ଆଂଟାର କାହେ ଆସବେ, ସେଖାନେ ଏକଟା ଦାଗ କେଟେ ଲେଖୋ ୧୫ ଅର୍ଥାତ ୧୫ ପ୍ରାମ । ତାରପର ଦୁଇ ବାକ୍ଷ ପାନି ନିଯେ ୩୦, ତିନ ବାକ୍ଷ ନିଯେ ୪୫, ଏମନିଭାବେ ଦାଗ କାଟିତେ ଥାକବେ ସତକ୍ଷଣ ନା ଧନୁକଟା ବଡ଼ ବେଶୀ ବୈକେ ଯାଚେ ।

ଏଥନ ପଲିଥିନ ବ୍ୟାଗଟା ଖୁଲେ ଫେଲେ ସେଖାନେ ଏକଟା କାଗଜେର ପାଞ୍ଚ ହଙ୍କେର ସାଥେ ଝୁଲିଯେ ଦିତେ ପାର । ସେ ଜିନିସ ଓଜନ କରବେ ତା ପାଞ୍ଚାର ଉପର ରାଖବେ । ତୌର ନୀଚେର ଦିକେ ନେମେ ସେ ଦାଗ ବରାବର ଆସବେ, ଜିନିସଟାର ଓଜନ ତତ ପ୍ରାମ । ତୁମି ସଦି ଦେଇ-ଛଟାକେ ଓଜନ ମାପତେ ଚାଓ, ତାହଲେ ଦାଗ କାଟାର ଆଗେ କାରୋ କାହୁ ଥେକେ କିଛୁ ଛଟାକେର ବାଟିଥାରା ଚେଯେ ନିଯେ ଦେଉଲୋ ବୁଝିଯେ ଦାଗ କାଟିବେ ଏକ ଛଟାକ, ଦୁଇ ଛଟାକ ଏମନି କରେ ।

ଧନୁକେର କାଠିଟା ସଦି ବେଶ ମୋଟାସୋଟା ନାହିଁ ତାହଲେ ବଡ଼ ବଡ଼ ଓଜନ ମାପତେ ପାରବେ, ତବେ ଓଜନେର ଅଳ୍ପସଙ୍ଗ ବେଶୀକମ ବୋବାର ଜନ୍ୟ ଦେଟା ସୁବିଧାଜନକ ହବେ ନା । ଆବାର ଧନୁକେର କାଠିଟା ସଦି ଖୁବ ପାତଳା କରୋ ତବେ ବେଶ ହାଲକା ଜିନିସେର ଓଜନ ଓ ତାତେ ମାପତେ ପାରବେ । ସବ ଚେଯେ ଭାଲ ହୟ ବିଭିନ୍ନ ରକମ ଧନୁକ ବାନିଯେ ହାଲକା, ଭାରୀ ନାନାନ ରକମ ଓଜନ ମାପାର ଜନ୍ୟ କରେକଟା ସନ୍ତ ବାନାତେ ପାରନେ । ତାରପର କୋନଟାତେ ସବ ଚେଯେ ଭାରୀ କି ଓଜନ ମାପା ଯାବେ, ସେଟା ଲିଖେ ଦାଓ, ସାତେ କରେ ଅନ୍ୟ କେଉଁ ଏର ଚେଯେ ଭାରୀ କିଛୁ ମାପତେ ଗିଯେ ସନ୍ତଟା ନଷ୍ଟ କରେ ଫେଲାତେ ନା ପାରେ ।


ଆରୋ କିଛୁ ମାପ : ହାଓଯା, ସ୍ଵାଚ୍ଛି



ହାଓଯା ମାପତେ ହଲେ କି କି ଜିନିସ ଦେଖିତେ ହୟ ? ଦେଖିତେ ହୟ
ହାଓଯାଟା କୋନ୍ ଦିକ୍ ଥେକେ ଆସିଛେ । ଆର ଦେଖିତେ ହୟ, ଏଠା କତ

জোরে আসছে। এই দুটা জিনিসই তুমি এক সাথে দেখতে পার এক মুঠো খুলা হাতে নিয়ে তা উপরের দিকে ছেড়ে দিস্বে। খুলাগুজো পড়তে পড়তে কোন্ দিকে সরে যাচ্ছে, কত তাড়তাড়ি সরে যাচ্ছে, তা দেখে তুমি বলতে পার হাওয়া কোন্ দিক থেকে আসছে, জোরে আসছে, কি আন্তে আসছে।


আরো ভালভাবে এই দুটা জিনিস মাপতে হলে একটা বড় পালক সূতায় বেঁধে গাছের ডাল থেকে বুলিয়ে দাও। পালকটি উড়ে কোন্ দিকে কতখানি যাওয়ার চেষ্টা করছে সেটা দেখে তুমি হাওয়ার দিক ও বেগ সহজে ধারণা পাবে। অথবা একটা বাত-পতাকাটো বা আনিয়ে নাও না কেন? বড় সড় একটা পালক নাও। এর একদিকে পালক রেখে অন্য দিকে শলাটা চেঁছে নাও। এখন গরম পেরেক দিয়ে এর মাঝামাঝি একটা ছিদ্র করো যেন ছিদ্রটা পেরেকের চেয়ে সামান্য



একটু বড় হয় আর পালকটি অনায়াসে ঘুরতে পারে। এবার পালকটিকে মাঝাখানে রেখে পেরেকটার সামান্য একটু একটি কাঠের থামের উপর গেঁথে নিলে তোমার বাত-পতাকা তৈরি। যে দিক থেকে বাতাস আসছে পালকের ছুঁচালো দিকটা ঘুরে সব সময় সেই মুখো হয়ে থাকবে।

বৃষ্টি মাপার কাজটা আরো সোজা। যতখানি বৃষ্টি হলো তাৰ পুরো পানিটা যদি কোন দিকে না গিয়ে বেখানে পড়ল সেখানেই জমতে পারে, তাহলে যত ইঞ্চি উঁচু হয়ে পানি জমবে তত ইঞ্চি বৃষ্টি হলো বলতে হবে। একটা পানিৰ মগ বৃষ্টিৰ সময় খোলা জায়গায় রেখে দাও। বৃষ্টি শেষ হয়ে গেলে ইঞ্চি দাগ কাটা একটা কাঠি ডুবিয়ে

দেখ কাঠির কতখানি পানিতে ভিজেছে। এভাবে বৃক্ষট মেপে কোন



মাসে কোনু দিন তোমাদের এখানে কত ইঞ্চি বৃক্ষট হনো তার একটা হিসাব তুমি সহজেই তৈরি করে ফেলতে পার।

गाहः कत बडू, कत बुडू ?


तोमार आशे पाशेहि त हरेक राकमेर गाहपाळा रायोहे । तांन गाह एक पाय दौडिये सोजा माथा तुल दिऱ्योहे आकाशे । बुद्ध जटाधारी वटे दीर्घ शाखा-प्रशाखा मेले शास्त्र छाड्या विस्तार करे रेखेहे । वसते एखन आमगाहे बोल थरेहे । आर तार यांगे चारादिक आयोदित हच्छे । तोमार कि जानते इच्छा करे ना एसब गाहपाळार के कतटा उंचू ? कार बयस कत ? के तोमार चेऱे बयसे बडू ? तामार चेऱे होट केउ आहे किना ?



गाहेर उच्चता जानते हले मगडाले चढते हवे ? मोटेहि ना । गाहे आदौ उर्ठतेहि हवे ना । दिव्य-माटिते वसे वसे सवचेये

উঁচু গাছটার উচ্চতাও সহজে মেপে ফেলা যাবে। উচ্চতা মাপার জন্য তোমাকে অবশ্য একটা সোজা ষষ্ঠি তৈরি করে ফেলতে হবে।

এজন্য বেশী কোন উপকরণের দরকার নেই। আয়াতাকার দু'টুকরো তত্ত্ব এক দেড় ইঞ্চি মাপের কিছু পেরেক, খানিকটা সরু ও শক্ত সূতা এবং একটা ছোট্ট ওজন হলেই চলবে। ওজনের অভাবে



একটা মাটির ঢেলা বা ইটের টুকরোও ব্যবহার করা যেতে পারে। দু'টুকরো তত্ত্বার একটি লম্বাখন ছফ্টের মত হবে, আড়ে তিন-চার ইঞ্চি হলেই চলবে।

ছবিতে যেভাবে দেখান হয়েছে ঠিক অমনি করে ছোট টুকরোটার সাথে, লম্বা টুকরোটিকে পেরেক দিয়ে জুড়ে দাও। এবার লম্বা টুকরোটার গায়ে পাঁচ ফুট উঁচুতে ছবিতে যেভাবে দেখান হয়েছে ঠিক অমনি করে একটি পঁয়তাঙ্গিশ ডিগ্রী কোণ আঁকো। জ্যামিতি বাক্সে যে চাঁদা থাকে তা দিয়ে সহজেই তুমি কোণটি এঁকে ফেলতে পার। চাঁদার অভাবে একটি বর্গাকার কাগজ ভাঁজ করেও তুমি পঁয়তাঙ্গিশ ডিগ্রী কোণটি এঁকে ফেলতে পার। কোণের যে বাহুটি তত্ত্বার এধার থেকে ওধার পর্যন্ত বিস্তৃত তার ওপর দুটি পেরেক পুঁতে দাও সূতার এক প্রান্তে ওজন বেঁধে নাও। অন্য প্রান্ত ছবিতে যেভাবে দেখান হয়েছে ঠিক তেমনি করে একটি পেরেকের সাথে বেঁধে

ওপৰ দিয়ে শুটাটি ঝুলিয়ে দাও। ব্যস তোমার ঘন্টা তৈরি হয়ে গেল।

এবার তোমার ইচ্ছেমত যে কোন গাছ বেছে নাও। গাছটির উচ্চতা যত টুকু হতে পারে বলে তুমি মনে কর, গাছের গোড়া থেকে তত দূরে তোমার উচ্চতা মাপক যন্ত্রটি বসাও। এবার পেরেক দু'টির



সংযোগ রেখা বরাবর গাছটির সবচেয়ে উঁচু বিন্দুটির দিকে তাকাও। তোমার যন্ত্রটিকে সামনে পেছনে সরিয়ে এমন জায়গায় বসাও যেন পেরেক দু'টির গোড়া এবং গাছের শীর্ষবিন্দু একই সরল রেখায় থাকে। যন্ত্রটিকে মাটির ওপর বসানোর সময় লক্ষ্য রাখতে হবে, যোলান সৃতা এবং লম্বা তঙ্গাটির ধার দু'টি যেন পরস্পর সমান্তরাল থাকে। এবার গাছের গোড়া থেকে তোমার ঘন্ট পর্যন্ত দূরত্ব মেপে ফেল। যা' হল তার সাথে আরো $5\frac{1}{2}$ ফুট যোগ কর, তাহলেই গাছটির উচ্চতা পেয়ে যাবে। গাছের গোড়া থেকে ঐ নির্দিষ্ট অবস্থানে যন্ত্রের দূরত্ব যদি $5\frac{1}{2}$ পয়তালিশ ফুট হয় তবে গাছের উচ্চতা হবে $(85+5)$ বা 90 (পঞ্চাশ) ফুট। গাছের উচ্চতা এভাবে কেন পাওয়া গেল বলত?

উচ্চতা মাপা হয়ে গেলে এবার গাছের শুঁড়ির বেড় মাপ। শুঁড়ির বেড় যত ইঞ্চি হবে, গাছের বয়স মোটামুটিভাবে তত বছৰ হবে।

গাছের বয়স জানার আরেকটি উপায় আছে। এ উপায়ে পুরো-
পুরি নির্ভূলভাবে গাছের বয়স পাওয়া যাবে। এ জন্য গাছের
গুঁড়ি বরাবর আড়াআড়িভাবে কাটা একটা ফালির দরকার হবে।
করাতে কাটা গুঁড়ি হলেই ভাল হয়। এভাবে কাটা একটি গুঁড়ি
লক্ষ্য করলে দেখবে তাতে পরপর কতকগুলি সাদা কালো বৃত্তের মত
রয়েছে (ছবি দেখ)। ক'টি কালো বৃত্ত আছে শুণে ফেল। বৃত্তের
সংখ্যা যত, গাছের বয়স তিক তত বছর। কেন এমন হয় জান?
প্রতি গ্রীষ্ম ও বসন্তে গাছের কাণ্ডে নতুন কাঠের স্তর ঘোগ হয়।
বসন্তে গাছ খুব দ্রুত বাড়ে, কাঠের কোষগুলি আকারে বড় হয় এবং
তাদের দেখতেও সাদাটে দেখায়। গ্রীষ্মকালে বৃদ্ধির হার খুব ধীর ;
কোষগুলো ছাট এবং কালচে ধরনের হয়। তাই আড়াআড়িভাবে
কাটা হলে ঐ স্তরগুলো পরপর সাদা-কালো বৃত্তের আকারে সাজান
দেখা যায়।

যে কোনো করাত-কলে গিয়ে তুমি আড়াআড়িভাবে কাটা গাছের
গুঁড়ি লক্ষ্য করে দেখতে পার। যে গাছটিকে তুমি আগে কোন দিন
দেখ নি, তার সঙ্গে অনেক কিছু তুমি জেনে ফেলতে পার, এ গুঁড়ি
দেখে দেখে আর সাদা-কালো বৃত্ত শুণে শুণে। আর ষুৎসই একটা
গুঁড়ি করাত-কল থেকে সংগ্রহ করতে পারলে তাতে তুমি বাংলাদেশের
ইতিহাসকেও ধরে রাখতে পারবে। (ছবি দেখ)।

মাটির সোরাই থেকে ভূ-গোলক

খুব সহজে তোমরা একটা ক্ষুদে পৃথিবী বানিয়ে ফেলতে পার।
পানি রাখার জন্য যে মাটির সোরাই বা কুঁজো ব্যবহার করা হয়, তার



একটি হনেই চলবে। সোরাইয়ের অভাবে মাটির কলসী দিয়েও কাজ
চালানো যেতে পারে।

বেশ খানিকটা আঠাল মাটি নিয়ে পানি মিশিয়ে ভাল করে চটকে মণ তৈরি কর। এবার এই মণের ডেতরে একটি সোজা, শক্ত দণ্ড (গাহের সোজা ভাল বা বাঁশের ডগা হলেই চলবে) ঢুকিয়ে দাও। পুরো জিনিসটা ভাল করে রৌদ্রে শুকিয়ে নাও। দণ্ডটির খোলা মুখে এবার খানিকটা কাপড় জড়িয়ে গদীর মতো করে নাও। তাহলেই তোমার ক্ষুদে পৃথিবীর অক্ষ তৈরী হয়ে গেল।

এবার সোজাইটিকে দণ্ডটির ওপর উপড় করে বসিয়ে দাও। (ছবি দেখ)। তাহলেই ভূ-গোলকের একটা প্রাথমিক মডেল তৈরি হয়ে গেল।

কুলে ভূগোল স্যারের সাহায্য নিয়ে তোমার এই গোলকের ওপর পৃথিবীর ম্যাপ একে ফেলতে পার। মানচিত্রে ভিন্ন ভিন্ন দেশকে ভিন্ন ভিন্ন রং দিয়ে দেখান হয়। তেমনি করে রং করলে তোমার ভূ-গোলক আরো সুন্দর হয়ে উঠবে।

ଦିନ ରାତ, ଶୀତ ଗ୍ରୀଷ୍ମ

ବେଶ ଥାନିକଟା ଆଠାଳ ମାଟି ନାଓ । ପ୍ରସୋଜନମତ ଅଲ୍ଲ ଅଲ୍ଲ କରେ ପାନି ମିଶିଯେ ଭାଲ କରେ ଚଟକାତେ ଥାକ । କିଛୁକୁଣ୍ଡେର ମଧ୍ୟେଇ ତୁମି ବେଶ କିଛୁ କାଦାର ମଣ୍ଡ ପେଯେ ଯାବେ । ଥେଯାଳ ରାଖ ମଣ୍ଡ ଯେନ ଖୁବ ଶକ୍ତି ବା ଖୁବ ନରମ ନା ହୟ । ଏବାର ମଣ୍ଡଟିକେ ଦୁଃଖାତେର ମଧ୍ୟେ ଘୋରାତେ ଘୋରାତେ ସତଥାନି ସନ୍ତବ ଗୋଲ କରେ ଫେଲ । ସତ ବେଶୀ ଗୋଲ ଓ



ମୟୁଗ କରାତେ ପାର, ତତଇ ଭାଲ । ଛବିତେ ଯେଭାବେ ଦେଖାନ ହେଁବେ, ଠିକ ତେମନି କରେ ଏହି କାଦାର ଗୋଲକେର ମଧ୍ୟେ ଏକଟି ତାରେର ଆଂଟା ଟୁକିଯେ ଦାଓ । ଆଂଟାର ଅଭାବେ ସରଳ, ଶକ୍ତ କୋନ ଶଳାକା ହଜେଓ ଚଲବେ । ଏବାର ଗୋଲକଟିକେ ଭାଲ କରେ ରୌଦ୍ରେ ଶୁକିଯେ ନାଓ । ତାହଲେଇ ପୃଥିବୀର ଏକଟି ଚମରକାର ମଡେଲ ତୈରି ହେଁବେ ଯାବେ । ଗୋଲକଟିର ମାଝ ବରାବର ଚାରଦିକ ସୁରିଯେ ଏକଟି ସୃତା ବେଧେ ଦାଓ । ଏହି ସୃତା ତା'ହଲେ ନିରକ୍ଷରେଖାର କାଜ କରବେ । ଏହି କ୍ଷୁଦ୍ର ପୃଥିବୀର ଉତ୍ତର ଓ ଦକ୍ଷିଣ

গোলার্ধ চিহ্নিত কর। কাদা থেকে গোলক বানানোর সমস্ত একটি মাটির প্রদীপ তৈরি করে শুকিয়ে নাও। পুরোনো বা ছেঁড়া কাপড়ের টুকরা পাকিয়ে কয়েকটি সলতে তৈরি কর। খানিকটা সরষের তেল ঘোগড় কর।

তোমার সব উপকরণ তৈরি শেষ। এবার এসব উপকরণ দিয়ে শীত, গ্রীষ্ম কেমন করে আসে পরীক্ষা করে দেখ। তোমরা জান সূর্য থেকেই পৃথিবী তাপ ও আলো পেয়ে থাকে। সূর্য যখন উত্তর গোলার্ধের কাছে থাকে তখন উত্তর গোলার্ধ তাপ ও আলো বেশী পায়, দক্ষিণ গোলার্ধ পায় কম। ফলে উত্তর গোলার্ধে তখন গ্রীষ্মকাল আর দক্ষিণ গোলার্ধে শীতকাল। সূর্য যখন দক্ষিণ গোলার্ধের কাছে থাকে তখন দক্ষিণ গোলার্ধে গ্রীষ্মকাল আর উত্তরে শীতকাল। আমরা উত্তর গোলার্ধের বাসিন্দা। উত্তর গোলার্ধে কি করে শীতগ্রীষ্ম হয় পরীক্ষা করে দেখ।



মাটির প্রদীপে খানিকটা তেল তেলে তার মধ্যে একটা সলতে রাখ। সলতের যে দিকটা বাইরে আছে তাতে আগুন ধরিয়ে দাও। প্রদীপটিকে একটা মাঝামাঝি গোছের উচু টেবিলে রেখে দাও। এই প্রদীপই হচ্ছে সূর্যের মডেল। একটা সরু, শক্ত সূতা গোলকের আংটার সাথে বেঁধে ফেল।

এবার সূতার এক প্রান্ত হাতে ধরে গোলকটিকে প্রদীপ থেকে খানিকটা দূরে এমনভাবে ঝুলিয়ে রাখ যেন গোলকটি প্রদীপ শিখার চেয়ে সামান্য একটু নৌচে থাকে। গোলকটিকে এই একই অবস্থায় রাখার জন্য উপরে কোন কিছু থেকে ঝুলিয়েও রাখতে পার। এবার

ভাল করে লক্ষ্য করলে দেখবে, উত্তর গোলার্ধে বেশী জাঁঝগা জুড়ে আলো পড়ছে এবং আলো সেখানে বেশী পড়ছে বলে উত্তর গোলার্ধকে বেশী উজ্জ্বল দেখাচ্ছে। অর্থাৎ উত্তর গোলার্ধে তখন প্রীঞ্চকাল। সৃতার প্রান্তে আন্তে আন্তে পাক দিতে থাক। 'দেখবে তোমার ক্ষুদে পৃথিবী ধীরে ধীরে ঘূরছে, যেমনটি ঘোরে সত্যকার পৃথিবী তার আপন অঙ্কের ওপর। সব সময়ই উত্তর গোলার্ধ বেশী উজ্জ্বল থাকছে।

এবার সৃতার প্রান্ত ধরে গোলকটাকে খানিকটা ওপরে তোল যেন গোলকটি প্রদীপ শিখার চেয়ে কিছুটা উচুতে থাকে। এই অবস্থায় উত্তর গোলার্ধে শীতকাল ও দক্ষিণ গোলার্ধে প্রীঞ্চকাল। কেন? নিজেই লক্ষ্য করে বল না কেন! আগের মতই সৃতার প্রান্তে পাক দিয়ে গোলকটিকে ঘূরিয়ে পরীক্ষা করে দেখ সব সময় দক্ষিণ গোলার্ধ বেশী আলো পাবে।


তোমরা যদি একটু খেঁজাল করে থাক, তাহলে নিশ্চয়ই বুবলতে পেরেছ কেমন করে দিনরাত্রি হয়। প্রদীপ (মানে সূর্য) থেকে গোলকের (মানে পৃথিবীর) যেখানে আলো এসে পড়ছে সেখানে দিন। অন্য পাশে দেখ অঙ্ককার। সেখানে রাত। সৃতার প্রান্তে পাক দিতে থাক। তোমার ক্ষুদে পৃথিবী ঘূরতে থাকবে। যে পাশে দিন ছিল কিছুক্ষণের মধ্যেই ঘূরতে ঘূরতে সে আঁধারে চলে যাবে, রাত নামবে সেখানে। আর যে জাঁঝগা আঁধারে ঢাকা ছিল, সেখানে দিনের আলো হেসে উঠবে। এমনি করে দিন বদলের পালা চলতে থাকবে।

ভাল কথা, পরীক্ষাটি কিন্তু রাতে, যারে ঐ প্রদীপটি ছাড়া আর কোন আলো না রেখে করবে।

প্রোটিন শর্করা তেল : কেমন করে চেনা যায়


খাবারের মধ্যে প্রোটিন, শর্করা, তেল এই তিনি রকমের জিনিস প্রধানত প্রয়োজনীয়। আর প্রয়োজন পরিমিত পরিমাণ ডিটামিন ও নানাবিধি খনিজ পদার্থ। কোন খাদ্যে প্রোটিন বেশী, কোন খাদ্যে শর্করা আবার কোন খাদ্য রেহজাতীয় অর্থাৎ তেল-প্রধান। কোন খাবারে কোন্ট্রা কতখানি আছে তা জটিল পরীক্ষার মাধ্যমে সুস্ক্র-ভাবে বের করা যায়। কিন্তু আগাতত উপস্থিত মতো তুমি খুব সহজে কয়েকটা পরীক্ষার বুবাতে পার, কোথাও শর্করা বেশী বা কোথাও প্রোটিন বেশী।

